



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Telephone (PABX): 9257401-5 Fax: 88-02-9261110 E-mail: brrihq@yahoo.com

## আমন মৌসুমে সুগন্ধি জাতের ধানে নেক ব্লাস্ট রোগ দমনে সতর্কতা ও করণীয়

বর্তমানে দিনের বেলায় গরম ও রাতে ঠাণ্ডা, মেঘাচ্ছন্ন আকাশ, ঝড়ো আবহাওয়া এবং গুঁড়ি গুঁড়ি বৃষ্টি থাকায় ব্লাস্ট রোগের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ার অধিক সম্ভাবনা রয়েছে। ধানের ফুল আসার পর শিষের গোড়ায় এ ছত্রাক রোগটি দেখা দেয়। শিষের গোড়ায় বাদামি অথবা কালো দাগ পড়ে। শিষের গোড়া ছাড়াও যে কোন শাখা আক্রান্ত হতে পারে। আক্রান্ত শিষের গোড়া পচে যায় এবং ভেঙ্গে পড়ে। ধান পুষ্ট হওয়ার আগে আক্রান্ত হলে শিষের সব ধান চিটা হয়ে যায়। নেক ব্লাস্ট রোগের আক্রমণ প্রাথমিকভাবে সনাক্ত করা যায় না। সাধারণত কৃষক যখন জমিতে নেক ব্লাস্ট রোগের উপস্থিতি সনাক্ত করেন, তখন জমির ফসলের ব্যাপক ক্ষতি হয়ে যায়। সে সময় ঔষধ প্রয়োগ করলেও রোগ দমন করা সম্ভব হয় না। তাই রোগটি দমনের জন্য কৃষক ভাইদের এখনই আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেয়া প্রয়োজন।

ইতোমধ্যেই সুগন্ধি জাতের ধান ফুল আসা পর্যায়ে থাকায় ছত্রাকনাশক যেমন ট্রুপার (৫৪ গ্রাম/বিঘা) অথবা নেটিভো (৩৩ গ্রাম/বিঘা) শেষ বিকালে ৭ দিন অন্তর দু'বার আগাম স্প্রে করতে হবে। ব্লাস্ট রোগের প্রাথমিক অবস্থায় জমিতে পানি ধরে রাখতে পারলে এ রোগের ব্যাপকতা অনেকাংশে হ্রাস পায়। এ বিষয়ে আরো তথ্য রয়েছে ব্রি ওয়েবসাইটে ([www.knowledgebank-brrri.org](http://www.knowledgebank-brrri.org)).

২৭/১০/২০১৬

ড. মোঃ আব্দুল লতিফ  
ধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
বি. গাজীপুর-১৭০১।